মেহেরপুরে স্বাস্থ্যবিধি নিশ্চিত করতে ট্রাফিক পুলিশের অভিযান

করোনা ভাইরাস সম্পর্কে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মেহেরপুর ট্রাফিক পুলিশর অভিযান চালনা করা হয় বুধবার সকাল ১১ টায় টি আই ইসমাইল এর র্নিদেশনায় পুরাতন বাসস্ট্যান্ড থেকে শুরু করে হোটেল বাজার পর্যন্ত এই অভিজান চালনা করা হয়।

টি আই ইসমাইল বলেন, করোনা মোকাবেলায় যে সকল যাত্রীবাহী বাস,, ইজিবাইক, রিকশা, গুলোতে স্বাস্থ্যবিধি মানছে কি না সেই দিকে আমরা লক্ষ রাখছি ও কেও যেনো মাস্ক ছাড়া বাইরে না আসে তার জন্য আমরা প্রতিনিয়ত বলে যাচ্ছি। এসম উপস্থিত ছিলেন এস আই জালাল উদ্দিন, এটিএস আই মফিজুল ইসলামসহ পুলিশের সদস্যরা।

গাংনীতে পারিবারিক সংঘর্ষ, মহিলা সহ আহত-৪

পারিবারিক কলহের জের ধরে দুই বিয়াই পরিবারের মধ্যে সৃষ্ট সংঘর্ষে উভয় পক্ষের মহিলা সহ চারজন আহত হয়েছে। আহতদের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

মঙ্গলবার সকাল নয়টার দিকে মেহেরপুরের গাংনী উপজেলার নওয়াপাড়া গ্রামে এ সংঘর্ষের ঘটনা ঘটে। আহতরা হলো- নওয়াপাড়া (ক্লাবপাড়া) গ্রামের আফছার আলীর ছেলে নায়েব আলী (৬০), নায়েব আলীর স্ত্রী বুলুয়ারা খাতুন (৩৬), অপরপক্ষের একই গ্রামের মৃত শাকের আলীর ছেলে আহত সামসুল হক (৪৯) ও জিন্নাত আলীর স্ত্রী সোহাগী খাতুন (৩৫) আহত সামসুল হক জানান, নায়েব আলীর ছেলে সুমন আলী আমার মেয়েকে কয়েক মাস ধরে কুপ্রস্তাব দিয়ে আসছে।

আমি তার পিতা নায়েব আলীকে বিষয়টি জানালেও কোন গুরুত্ব দেননি তিনি। আমার জামাই ফরিদ প্রবাসী হওয়ার কারণে সে আমার মেয়ের উপর লোলুপ দৃষ্টি অব্যাহত রেখেছে। গত রাতে সিঁধকেটে সুমন আমার মেয়ের ঘরে ঢুকতে চেয়েছিল এ বিষয়টি জানাজানি হলে বিষয়টি সুমনের পিতা নায়েব আলীকে জানাতে গেলে নায়েব আলী আমার উপর ক্ষিপ্ত হয়ে হাসুয়া দিয়ে আমাকে কুপিয়ে জখম করে। সেই সাথে পিটিয়ে আহত করেছে আমার ভাই বৌ সোহাগী খাতুনকে।

অপরপক্ষে পাল্টা অভিযোগ করে নায়েব আলী জানান, সামসুল হকের নেতৃত্বে একটি সংঘবদ্ধ দল আমার পরিবারের উপর অতর্কিত হামলা করে আমাকে কুপিয়ে জখম করে এবং আমার স্ত্রী বুলুয়ারা ও ছেলে সুমনকে মারধর করে আহত করে। উভয়পক্ষের মধ্যে মামলার প্রস্তুতি চলছিল। এ বিষয়ে গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ওবায়দুর রহমান জানান, এ বিষয়ে কোন অভিযোগ পাওয়া যায়নি। অভিযোগ পেলে ব্যবস্থা গ্রহণ করা হবে।

মেহেরপুরে ডক্টর’স ল্যাবে উদ্যোগে সাংবাদিকদের মাস্ক বিতরণ

মঙ্গলবার সাকাল ১০ টায় মেহেরপুর মল্লিক পুকুর সংলগ্নে গড়ে উঠা ডক্টর’স ল্যাবের পক্ষ থেকে মাক্স বিতরণ করা হয়।

এসময় মার্কেটিং ম্যানেজার সাজু শেখ বলেন করোনা ভাইরাস মোকাবেলায় আমরা জন সাধারনের সেবাই নিয়জিত আছি এই মহামারিতে ও রুগীদের ভালো মানের চিকিৎসা প্রদান করে যাচ্ছি। শোষণ করে নয়, ছাড় দিয়েই পাশে থাকতে চাই।

তিনি আরও বলেন পুলিশ প্রশাসন,সাংবাদিক, ডাক্তাররা সর্বদা এই মহামারীতে কাজ করের চলেছে তাই আমারা কিছু সংখ্যক সাংবাদিকদের মাঝে মাক্স বিতরণ করি। এসময় উপস্থিত ছিলেন ম্যানেজার জেমস সরকারসহ এনজিওর সকল সদস্য বৃন্দ।

দর্শনা বাজার ফরমালিন যুক্ত আমে ছয়লাব

চুয়াডাঙ্গা জেলার দর্শনা বাজার ছেয়ে গেছে ফরমালিন আমে, এতে করে হুমকিতে পড়ছে মানবদেহ। বর্তমানে বাংলাদেশে এখন আমের সিজেন চলছে আর এই সুযোগে কিছু অসাধু আম ব্যবসায়ী নিজের পকেট ভারী করতে কাঁচা আমে ফরমালিন মিশিয়ে আম তাড়াতাড়ি পাকিয়ে তা বেশি দামে বিক্রি করছে।
এতে করে মানবদেহে ব্যপকে ক্ষতি হচ্ছে। সামান্য কিছু টাকার লোভে কিছু অসাধু আম ব্যবসায়ী এই কাজ করছে এজন্য দর্শনা বাসী প্রসাশনের দৃষ্টি আকর্ষণ করেছে যাতে এই কাজ কোন অসাধু আম ব্যবসায়ী করতে না পারে। বাংলাদেশে আমে ফরমালিন দেওয়ার জন্য কঠোর আইন ব্যবস্থা রয়েছে দর্শনা বাসী চাই আইনের সঠিক প্রয়োগ তাহলেই এই কাজ রোধ করা সম্ভব।
বাংলাদেশের অন্যান্য জেলার মত চুয়াডাঙ্গা জেলায় প্রচুর আমের বাগান আছে আর এই বাগান থেকে আম সংগ্রহ করে চুয়াডাঙ্গা শহর এবং দর্শনা সহ আশপাশের বিভিন্ন জায়গায় বিক্রি করা হয় এই কারণে প্রশাসন যদি একটু সচেতন হয় তাহলেই এই আমে ফরমালিন দেয়া বন্ধ করা সম্ভব এজন্য দর্শনা বাসী প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেছেন।

দর্শনায় করোনা ভাইরাসে ঝুঁকিতে কাজ করছে সাংবাদিকেরা

চুয়াডাঙ্গা জেলার দর্শনায় করোনা ভাইরাসে ঝুঁকিতে কাজ করছে সাংবাদিকেরা। কিন্তু পাইনি কোন সুরক্ষা ব্যবস্থা। বর্তমান বিশ্বে মহামারী রূপ ধারণ করেছে নোভেল করোনা ভাইরাস। বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও এ করোনাভাইরাসের প্রভাব দেখা দিয়েছে।
আর এই বর্তমান কঠিন সময়ে ডাক্তার, পুলিশ, সেনাবাহিনী সহ সকল আইন-শৃংখলা বাহিনীর পাশাপাশি সাংবাদিকরাও নিরলসভাবে কাজ করে যাচ্ছে এবং সঠিক তথ্য মানুষের কাছে তুলে ধরছে। কিন্তু সাংবাদিকদের দেওয়া

হয়নি কোন সুরক্ষা ব্যবস্থা।
সুরক্ষা ব্যবস্থা ছাড়াই নিরলসভাবে সংবাদ সংগ্রহ করে তা সাধারণ মানুষের কাছে পৌঁছে দিচ্ছে সাংবাদিকেরা। বাংলাদেশের অনেক সাংবাদিক এই করোনা ভাইরাসে আক্রন্ত হয়েছে সুরক্ষা ব্যবস্থা ছাড়া কাজ করতে যেয়ে। কিন্তু এরপরেও কোন সুরক্ষা ব্যবস্থা এখনও পর্যন্ত পায়নি সাংবাদিকেরা।
ঠিক তেমনি চুয়াডাঙ্গা জেলার দর্শনায় করোনা ভাইরাসে ঝুঁকিতে কাজ করছে সাংবাদিকেরা কিন্তু পাইনি কোন সুরক্ষা ব্যবস্থা। তাই সাংবাদিকদের দাবী কঠিন এই মহামারীতে যেন তাদের জন্য সুরক্ষা ব্যবস্থা করা হয়। যার ফলে আরো ভালো ভাবে কাজ করে মানুষের মাঝে সমাজের সকল প্রকার তথ্য উপস্থাপন করতে পারে।

সাবেক স্বাস্থ্যমন্ত্রী

নাসিমের করোনা পজিটিভ

সাবেক স্বাস্থ্যমন্ত্রী ও আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য মোহাম্মদ নাসিমের করোনা পজিটিভ। সোমবার রাতে তার ছেলে সাবেক সংসদ সদস্য তানভীর শাকিল জয় এ তথ্য নিশ্চিত করেছেন।

এর আগে শারীরিক ‘দুর্বলতা’ নিয়ে রাজধানীর শ্যামলীর বাংলাদেশ স্পেশালাইজড হসপিটালে ভর্তি হন মোহাম্মদ নাসিম।

হাসপতালে ভর্তির পর তার করোনাভাইরাসের পরীক্ষার জন্য নমুনা সংগ্রহ করে পাঠানো হয়। পরীক্ষায় তার করোনা পজিটিভ আসে।

বিস্তারিত আসছে…

মেহেরপুরের মুজিবনগরে মুখে

মাস্ক না পরাই ৫২ জনের অর্থদণ্ড

মেহেরপুরের মুজিবনগরে ৫২ জনের কাছ থেকে ১৩ হাজার ২’শটাকা (অর্থদণ্ড) জরিমানা আদায় করেছে ভ্রাম্যমাণ আদালত। মুখে মাস্ক না থাকায় আজ সোমবার দিনভর উপজেলার বিভিন্ন এলাকায় ভ্রাম্যমাণ আদালতের অভিযান চালিয়ে এ জরিমানা আদায় করেন উপজেলা নির্বাহী অফিসার ও ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট মোঃ ওসমান গণি।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মদ ওসমান গণি বলেন, উপজেলার কেদারগঞ্জ দারিয়াপুর মোনাখালী বিশ্বনাথপুর গোপালপুর ও গলা কাটার মোড় এলাকায় মুখে মাস্ক ব্যবহার না করায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে ৫২ জনের কাছ থেকে ১৩ হাজার ২’শ টাকা জরিমানা (অর্থদণ্ড) আদায় করা হয়। এ সময় বেশ কয়েকজনকে মৌখিকভাবে সতর্ক করা হয়।

তিনি জানান, সচেতন ও তার অংশ হিসাবে আজ মুজিবনগর উপজেলার বিভিন্ন এলাকায় ভ্রাম্যমাণ আদালতের অভিযান চালানো হয়। সরকারি নির্দেশনা বাস্তবায়নে যেকোনো পদক্ষেপ নেয়া হবে। তাই সকলকে মাস্ক ব্যবহার করতে আহ্বান জানান।

দেশের দীর্ঘতম মানব সুবেল হোসেনকে বাঁচাতে এগিয়ে আসুন

দেশের দীর্ঘতম মানব সম্ভবত কুষ্টিয়ার দৌলতপুরের সুবেল হোসেন। বর্তমান বয়স তার ২২ বছর। এই বয়সেই সুবেলের উচ্চতা ৭ ফিট ৩ ইঞ্ছি। তবে রোগে শোকে তিনি কাতর হয়ে পড়েছেন। ভুগছেন শারীরিক নানা সমস্যায়। ব্রেন টিউমার ছাড়াও তার শরীরে ফোলা রোগ রয়েছে। যার কারণে ঠিকমত চলাফেরা করতে পারেন না। দু’হাতে দুই লাঠিতে ভর দিয়ে চলেন কোনরকম। সোজা হয়ে ঠিকমত দাঁড়াতেও পারেন না। সমস্যায় পড়েন ঘরে ঢুকতে ও বের হতে।

দেখলেও তা তার জন্য হয়ে উঠে কষ্টের ও দূর্বিসহ। সুবেল যদি দেশের দীর্ঘতম মানব হয়ে থাকে তা’হলে সে দীর্ঘ মানবের সুচিকিৎসার মানবিক দায়িত্ব সরকার ও দেশের বিত্তবানদের। এমনটাই প্রত্যাশা এলাকাবাসীর।

মেহেরপুরে দ্বিগুণ ভাড়ায় যাত্রা শুরু পরিবহনের

করোনা ভাইরাসের কারণে সৃষ্ট পরিস্থিতির মধ্যেও স্বাস্থ্যবিধি মেনে দীর্ঘ ২ মাস পর সব ধরনের যাত্রীবাহী বাস চলাচল শুরু হয়েছে। সোমবার সকাল থেকে মেহেরপুর থেকে কুষ্টিয়া লোকাল বাস গুলো শারিরীক দুরত্ব মেনেই চলাচল করেছে।

কিন্তু করোনার সংক্রাণ মোকাবিলায় কম যাত্রী পরিবহনের শর্তে ভাড়া ৬০ শতাংশ বাড়িয়েছেন বাস মালিকরা। পাশাপাশি যাত্রীদের সুরক্ষায় প্রতিটি বাসে জীবাণুনাশক স্প্রে দেওয়াসহ প্রত্যেক যাত্রীকে মাক্স পরারা জন্য নির্দেশনা দেওয়া হচ্ছে।

মেহেরপুর জেলা মোটর শ্রমিকের সাধারণ সম্পাদক মতিউর রহমান বলেন আমরা সরকারি স্বাস্থ্যবিধি মেনে সকাল থেকে বাস চলাচল শুরু করেছি। যাত্রীদের স্বাস্থ্য সুরক্ষায় প্রতিটি বাসে এক সিট খালি রেখে মোট আসনের অর্ধেক যাত্রী পরিবহন করছি।

টি আই ইসমাইল জানান করোনার এই মহামারীতে আমাদের সবাইকে সচেতন হতে হবে। যাত্রা পথে হতে হবে আরও সর্তক, মুখে মাক্স ব্যবহারের পাশাপাশি হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করতে হবে। সেখানে সেখানে না বসা এবং যাত্রা শেষে বাড়িতে এসে জীবানু মুক্ত থাকার জন্য বলা হচ্ছে। এবং আরও বলা হচ্ছে যদি আমরা সব ধরনের স্বাস্থ্যবিধি মেনে চলি তবে এই মরণ ঘাতী ভাইরাস থেকে আমরা অনেকটাই মুক্ত থাকবো।

ঝিনাইদহ কালীগঞ্জে সাপের কামড়ে শিশুর মৃত্যু

ঝিনাইদহের কালীগঞ্জে বিষাক্ত সাপের কামড়ে জুলিয়া খাতুন (৭) নামের এক শিশুর মৃত্যু হয়েছে। রোববার দিবাগত রাত ৩টার দিকে সে মারা যায়। জুলিয়া খাতুন কালীগঞ্জ উপজেলার রায়গ্রাম ইউনিয়নের ভাতঘরা দয়াপুর গ্রামের জসিম উদ্দিনের মেয়ে এবং ভাতঘরা দয়াপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিশু শ্রেণীর শিক্ষার্থী।

জুলিয়ার চাচা নাসির উদ্দিন জানান, রাতে জুলিয়া তার মা-বাবার সাথে ঘরে ঘুমিয়ে ছিল। রাত ২টার দিকে বিষাক্ত সাপ তাকে দংশন করে। পরে তাকে উদ্ধার করে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।